

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮১৭

২০. কোমলতা অধ্যায় (كتاب الرقاق)

পরিচ্ছেদঃ ৬৩. কিচ্ছা-কাহিনী বলা নিষেধ হওয়া সম্পর্কে

باب فِي النَّهْيِ عَنْ الْقَصَصِ

আরবী

حَدَّثَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَامِرٍ عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَقُصُّ إِلَّا أَمِيرٌ أَوْ مَأْمُورٌ أَوْ مُرَاءٍ قُلْتُ لِعَمْرِو بْنِ شُعَيْبٍ إِنَّا كُنَّا نَسْمَعُ مُتَكَلِّفٌ فَقَالَ هَذَا مَا سَمِعْتُ

বাংলা

২৮১৭. আমর ইবনু শুআইব (রহঃ) থেকে তার পিতা থেকে তার দাদার সূত্রে বর্ণনা করেন, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ "শাসক অথবা তার নির্ধারিত কর্মচারী অথবা রিয়াকার (লৌকিকতাকারী) ব্যক্তি মানুষের মধ্যে কিচ্ছা-কাহিনী বলে বেড়ায়।"[1] আমি আমর ইবনু শুয়াইব রাদ্বিয়াল্লাহু আনহু কে বললাম, আমরা তো শুনেছি, 'ভানকারী'। তখন তিনি বলেন, আমি তো এরকমই (তথা 'রিয়াকারী') শুনেছি।

ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ যয়ীফ, আব্দুল্লাহ ইবনু আমির আল আসলামী'র দুর্বলতার কারণে। ((তবে এর মুতাবিয়াত ও শাহিদসমূহের কারণে এটি হাসান ও সহীহ লিগয়রিহী' স্তরে উন্নীত হয়। আল্লাহই ভাল জানেন। দেখুন, তাখরীজের আলোচনা। অনুবাদক))

তাখরীজ: আহমাদ ২/৮৩; ইবনু মাজাহ, আদাব ৩৭৫৩।

আব্দুল্লাহ এ বর্ণনায় একাকী নন। তার মুতাবিয়াত বর্ণনা রয়েছে আব্দুর রহমান ইবনু হারমালাহ থেকে আহমাদ ২/১৭৮ তে হাসান সনদে।

আর এর শাহিদ হাদীসসমূহ রয়েছে আওফ ইবনু মালিক, কা'ব ইবনু ইয়ায, উবাদাহ ইবনু সামিত- এর



প্রত্যেকটির তাখরীজ দিয়েছি মাজমাউয যাওয়াইদে যথাক্রমে ৯২১, ৯২২, ৯২৩ তে। ফলে এ হাদীসের সনদকে এটি সহীহ তে উন্নীত করে। আল্লাহই ভাল জানেন।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন